

# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

জাতিসংঘের মানবাধিকার পরিষদে বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি পর্যালোচনা:  
হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)’র প্রত্যাশা

সংবাদ সম্মেলন

জাতীয় প্রেস ক্লাব

৭ মে ২০১৮, ১১.০০ টা

প্রিয় সাংবাদিকবৃন্দ,

আগামী ১৪ মে ২০১৮ জেনেভায় জাতিসংঘের মানবাধিকার পরিষদে সর্বজনীন পুনর্বীক্ষণ পদ্ধতি বা ইউনিভার্সাল পিরিওডিক রিভিউ (ইউপিআর)-এর আওতায় বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি পর্যালোচিত হতে যাচ্ছে। প্রতি সাড়ে চার বছর পর পর মানবাধিকার পরিষদ এ পর্যালোচনা করে থাকে। এ পর্যালোচনায় সরকারের পাশাপাশি জাতিসংঘের বিভিন্ন অঙ্গ-সংগঠন, জাতীয় ও আন্তর্জাতিক মানবাধিকার সংগঠন এবং জাতীয় মানবাধিকার কমিশন প্রতিবেদন প্রদান করে থাকে। সাড়ে তিন ঘণ্টার অংশগ্রহণমূলক আলোচনায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের নেতৃত্বে বাংলাদেশ সরকারের একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল দেশের বিদ্যমান মানবাধিকার পরিস্থিতি উন্নয়নে গৃহীত পদক্ষেপসমূহ এবং ২০১৩ সালে অনুষ্ঠিত দ্বিতীয় পর্যায়ের ইউপিআরের আওতায় প্রদত্ত অঙ্গীকারসমূহ বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরবেন, যার ভিত্তিতে অন্য রাষ্ট্রসমূহ তাদের মতামত, প্রশ্ন ও সুপারিশ প্রদান করবে। প্রদত্ত সুপারিশসমূহ বাংলাদেশ সরকার গ্রহণ করে সুনির্দিষ্ট অঙ্গীকার প্রদান করতে পারবে, আর যদি কোন বিশেষ সুপারিশ গ্রহণ করতে প্রস্তুত না থাকে তবে সে বিষয়ে নিজেদের বক্তব্য/অবস্থান তুলে ধরবে।

সাংবাদিক বন্ধুগণ,

জাতিসংঘের মানবাধিকার ব্যবস্থায় এ প্রক্রিয়াটি অত্যন্ত ফলপ্রসূ বলে পরিচিত। মানবাধিকার সংক্রান্ত জাতিসংঘের বিভিন্ন মানবাধিকারের চুক্তিভিত্তিক কমিটির সাথে এ প্রক্রিয়ার পার্থক্য হলো, চুক্তিগুলো কোনো একটি একক বিষয়কে কেন্দ্র করে, কিন্তু ইউপিআরে মানবাধিকার সম্পর্কিত সার্বিক দিক বিবেচনা করা হয়। এটি একটি সমন্বিত ব্যবস্থা যেখানে জাতিসংঘ মানবাধিকার ব্যবস্থার আলোকে প্রদত্ত অঙ্গীকার, সংবিধান ও জাতীয় পর্যায়ে বিদ্যমান আইনি বাধ্যবাধকতা অনুযায়ী নিজ দেশের জনগণের মানবাধিকার উন্নয়নে রাষ্ট্রের প্রচেষ্টা পর্যালোচনা করা হয়। এই পদ্ধতির মূল লক্ষ্য-একটি জবাবদিহিমূলক ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে সদস্য রাষ্ট্রগুলোর মানবাধিকার পরিস্থিতির উন্নয়ন ঘটানো এবং মানবাধিকার লংঘনের ঘটনা পৃথিবীর যে প্রান্তেই হোক না কেন তার বিরুদ্ধে সোচ্চার হওয়া। তৃতীয় পর্যায়ের এই পর্যালোচনায় জাতীয় ও আন্তর্জাতিক মানবাধিকার সংগঠনসমূহের পক্ষ থেকে বিভিন্ন বিষয়ে সর্বমোট ২৯টি স্টেকহোল্ডার প্রতিবেদন মানবাধিকার পরিষদে জমা দেওয়া হয়েছে।

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) গত দুইটি পর্যালোচনাতেও সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছে। ২০০৭ সালে ইউপিআর প্রক্রিয়া প্রতিষ্ঠিত হওয়ার পর এ প্রক্রিয়ার আওতায় প্রতিবেদন প্রদান ও ফলোআপ করার জন্য বিভিন্ন মানবাধিকার ইস্যুতে কাজ করেছে এমন সংগঠনসমূহের সমন্বয়ে এ ফোরাম গঠিত হয়। বর্তমানে ২০টি সংগঠন এ ফোরামের সদস্য। গত দুই পর্যায়ের ন্যায় এবারও ফোরাম নিজস্ব ও

---

#### Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

#### Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)

# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

অন্যান্য সূত্র থেকে প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ করে প্রতিবেদন প্রদান করেছে যেখানে বিদ্যমান প্রতিবন্ধকতা কাটিয়ে পরিস্থিতি উন্নয়নে বেশ কিছু সুনির্দিষ্ট সুপারিশ করা হয়েছে। চট্টগ্রাম, বরিশাল, যশোর, সাতক্ষীরা, ময়মনসিংহসহ ঢাকায় সংশ্লিষ্ট পক্ষসমূহের সাথে কর্মশালার মাধ্যমে তাদের মতামত প্রতিবেদনটির খসড়ায় অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া এদেশে অবস্থানরত বিভিন্ন দেশের কূটনীতিকদের সাথেও প্রতিবেদনটির বিষয়বস্তু নিয়ে মতবিনিময় করা হয়েছে।

কেবল প্রতিবেদন প্রদান নয়, ফোরামের প্রতিনিধিরা পূর্বের দুই পর্যায়ের মূল অধিবেশনগুলোতে অংশগ্রহণ করে এবং পরবর্তী সময়ে যে সুপারিশগুলো সরকার গ্রহণ করেছে জাতীয় পর্যায়ে সেগুলো বাস্তবায়নের জন্য সরকারের সাথে অব্যাহত যোগাযোগ চালিয়ে গেছে।

## প্রিয় সাংবাদিকবৃন্দ,

সম্প্রতি তৃতীয় পর্যায়ের ইউপিআর-কে সামনে রেখে জেনেভাভিত্তিক একটি বেসরকারি সংগঠন, ইউপিআর-ইনফো (UPR Info) একটি পূর্ব অধিবেশনের আয়োজন করেছিলো যেখানে বাংলাদেশ থেকে ছয়জন বক্তা তাদের উদ্বেগ ও সুপারিশ তুলে ধরার সুযোগ পেয়েছিলেন। ফোরামের আহ্বায়ক শীপা হাফিজা বিদ্যমান মানবাধিকার পরিস্থিতি ও ফোরামের স্টিয়ারিং কমিটির সদস্য রঞ্জন কর্মকার নারী অধিকার পরিস্থিতি বিষয়ে বক্তব্য রাখার সুযোগ পান। এছাড়া জাতীয় মানবাধিকার কমিশন বাংলাদেশ, আর্টিক্যাল ১৯, কোয়ালিশন অব ইনডিজিনিয়াস পিপলস অর্গানাইজেশনস অন ইউপিআর এবং চাইল্ড রাইটস অ্যাডভোকেসি কোয়ালিশন ইন বাংলাদেশ বক্তব্য রাখে। বাংলাদেশ দলিত ও বঞ্চিত জনগোষ্ঠী অধিকার আন্দোলন-এর প্রতিনিধিও এই অধিবেশনে উপস্থিত ছিলেন।

এবারকার মূল অধিবেশনটি অনুষ্ঠিত হবে আগামী ১৪ মে। বিদ্যমান মানবাধিকার পরিস্থিতির বিষয়ে বিভিন্ন কূটনৈতিক ও আন্তর্জাতিক সংগঠনের প্রতিনিধিদের সাথে আলোচনায় বোঝা যায় এবারকার অধিবেশনে যে বিষয়গুলো গুরুত্ব পাবে তাহলো-রোহিঙ্গা ইস্যু, মত প্রকাশের স্বাধীনতা, গণমাধ্যমের স্বাধীনতা, বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, নির্যাতন ও গুম, সভা ও সমাবেশ করার অধিকার, বিচারবিভাগ ও জাতীয় মানবাধিকার কমিশনের স্বাধীনতা ইত্যাদি। এ মূল অধিবেশনের পূর্বেই যারা এই প্রক্রিয়ার আওতায় প্রতিবেদন জমা দিয়েছেন তারা জেনেভায় উপস্থিত হয়ে সেখানে অবস্থানরত বিভিন্ন দেশের প্রতিনিধিদের সাথে দ্বিপাক্ষিক সভা করে তাদের ইস্যুগুলো তুলে ধরবেন এবং তারা কি ধরনের সুপারিশ বাংলাদেশকে করতে পারেন সে সম্পর্কে অবহিত করবেন। এবারকার অধিবেশনের উল্লেখযোগ্য দিক হচ্ছে বাংলাদেশ সরকারকে গত অধিবেশনে যেসব পরামর্শ দেয়া হয়েছিল এবং সরকার যেগুলো গ্রহণ করেছিল সেগুলোর অগ্রগতি কতটুকু হয়েছে সে বিষয়ে অন্যান্য রাষ্ট্রের প্রতিনিধিরা প্রশ্ন উত্থাপন করবেন। এই অধিবেশনের সার্বিক আলোচনার ভিত্তিতে আগামী ১৭ মে ২০১৮ সুনির্দিষ্ট সুপারিশসহ চূড়ান্ত প্রতিবেদন গৃহীত হবে মানবাধিকার পরিষদে।

## সাংবাদিকবৃন্দ,

পূর্বেই উল্লেখ করা হয়েছে যে, এবার এ প্রক্রিয়ার তৃতীয় পর্যায় অনুষ্ঠিত হবে। গত দু'বারের ন্যায় এবারও এই অধিবেশনে অংশ নেয়ার জন্য হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ এর পক্ষ থেকে একটি প্রতিনিধিদল জেনেভা যাচ্ছে আগামী ৮ মে। তারা সেখানে ১৫ মে পর্যন্ত অবস্থান করবেন। এই প্রতিনিধি দলে রয়েছেন ফোরামের আহ্বায়ক শীপা হাফিজা, স্টিয়ারিং কমিটির সদস্য জাকির হোসেন, সদস্য সালেহ আহমেদ, সদস্য

### Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

### Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)

# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

পল্লব চাকমা, সমন্বয়ক তামান্না হক রীতি। আমরা আশা করছি, এবারকার অধিবেশনে বিদ্যমান মানবাধিকার পরিস্থিতি নিয়ে আমাদের সরকারের কাছে অন্যান্য দেশ থেকে বেশ কিছু উল্লেখযোগ্য পরামর্শ আসবে এবং আমাদের সরকারও সে পরামর্শগুলো আপত্তি ছাড়া গ্রহণ করবেন। ফোরামের মূল লক্ষ্য হলো এই পদ্ধতিকে যথাযথভাবে ব্যবহার করে দেশের মানবাধিকার উন্নয়ন ও লঙ্ঘনের বিষয়গুলো তুলে ধরা এবং মানবাধিকার রক্ষায় সরকারের পক্ষ থেকে কার্যকরী অঙ্গিকার আদায় করা এবং তা বাস্তবায়নে সরকারের সাথে অব্যহত যোগাযোগ রক্ষা এবং প্রয়োজনীয় সহযোগিতা করা। যাতে করে দৃশ্যমানভাবে মানবাধিকার পরিস্থিতি উন্নতি হয়।

সাংবাদিক বন্ধুরা,

আপনাদের অবগতির জন্য এ পর্যায়ে হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) যে সুপারিশসমূহের ওপর অত্যাধিক গুরুত্বরোপ করছে, সেগুলো তুলে ধরছি—

---

**Secretariat:**

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

**Forum Members:**

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)

# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

## অর্থনৈতিক ও সামাজিক অধিকার

1. স্বাস্থ্যখাতে সুশাসন নিশ্চিতকরণে বিভিন্ন অংশীদারদের সমন্বয়ে বিদ্যমান প্রতিবন্ধকতাসমূহ বিচার-বিশ্লেষণ করে জরুরিভিত্তিতে কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন নিশ্চিত করা।
2. শিক্ষার গুণগতমান নিশ্চিত করতে এবং বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ১৩ বছর পর্যন্ত বৃদ্ধি করে অতি দ্রুত একটি সমন্বিত শিক্ষা আইন প্রণয়ন করা।
3. নাগরিকদের বিশেষত ধর্মীয় সংখ্যালঘু ও আদিবাসীদের ভূমির অধিকার রক্ষার লক্ষ্যে ভূমিদস্যুদের বিচার ও শাস্তি নিশ্চিত করা এবং অর্পিত সম্পত্তি প্রত্যাবর্তন সম্পর্কিত মামলাগুলো দ্রুততার সাথে নিষ্পত্তি করা।

## নাগরিক ও রাজনৈতিক অধিকার

4. গুম বা বলপূর্বক অন্তর্ধানকে আইনগতভাবে চিহ্নিত করার জন্য সুনির্দিষ্ট সময়ের মধ্যে প্রাসঙ্গিক আইনসমূহ সংস্কারের অঙ্গীকার করা।
5. রাষ্ট্রীয় সংস্থাগুলো কর্তৃক মানবাধিকার লঙ্ঘনের অভিযোগসমূহের সুষ্ঠু ও গ্রহণযোগ্য তদন্ত এবং বিচার নিশ্চিত করার জন্য একটি স্বাধীন কমিশন স্থাপনের সুনির্দিষ্ট অঙ্গীকার প্রদান করা।
6. নির্যাতন ও হেফাজতে মৃত্যু প্রতিরোধ আইন ২০১৩ এর কার্যকর প্রয়োগ নিশ্চিত করা, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রস্তাবের প্রেক্ষিতে এ আইনে কোনো ধরনের পরিবর্তন না আনা এবং এ সংক্রান্ত উচ্চ আদালতের নির্দেশনা বাস্তবায়ন করা।
7. বৈদেশিক অনুদান নিয়ন্ত্রণ আইনের দমনমূলক ও নিয়ন্ত্রণমূলক সকল ধারা বাতিল করা। সংশ্লিষ্ট উন্নয়ন সংগঠনসমূহের সাথে আলোচনাসাপেক্ষে দ্রুত এ আইনের বিধিমালা প্রণয়ন করা।
8. নাগরিকদের সাংবিধানিক অধিকার চর্চার প্রতি সম্মান প্রদর্শন করে সভা ও সমাবেশ প্রতিরোধে বলপ্রয়োগ থেকে বিরত থাকা। অন্যথা বেআইনীভাবে বলপ্রয়োগকারীদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নেয়া।
9. নাগরিকের মত প্রকাশ ও সংবাদ মাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০১৩-এর ৫৭ ধারা সম্পূর্ণরূপে বাতিল এবং এ ধরনের ধারা সংবলিত যে কোনো আইন প্রণয়ন থেকে বিরত থাকা।
10. মানবাধিকারকর্মীদের হত্যা ও আক্রমণের ঘটনার দ্রুততার সাথে সুষ্ঠু তদন্ত ও আইন অনুযায়ী দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা। কোনোরূপ ভয়-ভীতি, হুমকি ছাড়া যাতে মানবাধিকারকর্মীরা কাজ করতে পারে সে পরিবেশ নিশ্চিত করা।

## রাষ্ট্রীয় সংস্থাগুলোর স্বাধীনতা এবং কার্যকারিতা

11. নির্বাহী বিভাগ থেকে বিচারবিভাগ সম্পূর্ণভাবে পৃথক করা এবং বিচারবিভাগকে রাষ্ট্রের অন্যান্য অঙ্গের প্রভাবমুক্ত রাখা।
12. দুর্নীতি দমন কমিশন (দুদক), জাতীয় মানবাধিকার কমিশন এবং তথ্য কমিশনকে শক্তিশালী করে তোলার লক্ষ্যে তাদের কার্যক্রম পরিচালনার স্বাধীনতা ও পর্যাপ্ত সম্পদ নিশ্চিত করা। জাতীয়

### Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

### Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)

# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

মানবাধিকার কমিশনের ভিত্তি আইন “জাতীয় মানবাধিকার কমিশন আইন, ২০০৯” সংশোধন করে বিদ্যমান অস্পষ্টতা দূর করা।

## শ্রমিক অধিকার

১৩. শ্রমিকদের মজুরী কাঠামো পুনরায় মূল্যায়ন করে বর্তমান সময়ের সাথে সামঞ্জস্য রেখে মজুরী নির্ধারণ করা।
১৪. শ্রমিকদের জন্য নিরাপদ কর্ম পরিবেশ নিশ্চিত করা, পর্যবেক্ষণ ব্যবস্থা জোরদার করা এবং শ্রমিকদের সমবেত হওয়ার অধিকারের প্রতি শ্রদ্ধাশীল থেকে হয়রানি, গ্রেফতার ও নির্যাতন বন্ধ করা।

## আদিবাসি, সংখ্যালঘু ও প্রান্তিক জনগোষ্ঠীর অধিকার

১৫. প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর পূর্ণ বাস্তবায়ন করা।
১৬. সমতলের আদিবাসীদের উন্নয়ন ও অধিকার রক্ষার জন্য একটি পৃথক কমিশন গঠন করা।
১৭. সংখ্যালঘু জনগোষ্ঠী, সমতলে ও পার্বত্য অঞ্চলে বসবাসরত আদিবাসীদের সুরক্ষা প্রদান করা এবং তাদের অধিকার লঙ্ঘনের সাথে জড়িতদের বিরুদ্ধে দ্রুততার সাথে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা।
১৮. আদিবাসীদের সাংবিধানিক স্বীকৃতি প্রদান করা এবং পার্বত্য শান্তি চুক্তি বাস্তবায়নে রোডম্যাপ ঘোষণা করা।
১৯. পার্বত্য চট্টগ্রাম ভূমি কমিশন যাতে স্বাধীনভাবে নিজেদের কাজ পরিচালনা করতে পারে তা নিশ্চিত করা এবং সমতলের আদিবাসীদের জন্য একটি পৃথক ভূমি কমিশন প্রতিষ্ঠা করা।
২০. যৌন ও লিঙ্গভিত্তিক সংখ্যালঘুদের অস্তিত্ব স্বীকার করে নেয়া, দণ্ডবিধির ৩৭৭ ধারা বাতিল করা এবং পাঠ্যপুস্তকে যৌন শিক্ষা বিষয়ক বিষয়বস্তু অন্তর্ভুক্ত করা।
২১. বর্ণবৈষম্য বিরোধী আইন দ্রুততার সাথে গ্রহণ করে এর যথাযথ প্রয়োগের ওপর জোর দেয়া।
২২. ভাষাগত সংখ্যালঘুদের সম্মানের সাথে সমাজে পুনর্বাসন করা এবং শিক্ষা ও কর্মক্ষেত্রে তাদের জন্য কোটার ব্যবস্থা করা।
২৩. জাতিসংঘ শরণার্থী সনদ ১৯৫১ স্বাক্ষর করা এবং রোহিঙ্গা শরণার্থী সমস্যার সমাধানে মায়ানমার, জাতিসংঘসহ সংশ্লিষ্ট পক্ষসমূহকে নিয়ে বহুপাক্ষিত কূটনৈতিক প্রচেষ্টা গ্রহণ।

## সাংবাদিক বন্ধুরা,

পরিস্থিতি বিবেচনায় এবারকার অধিবেশনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

প্রথমত বর্তমান সরকার দীর্ঘদিন ধরে ক্ষমতার আছেন, তারা তাদের অঙ্গীকার পূরণে যথেষ্ট সময় পেয়েছেন। সেক্ষেত্রে মানবাধিকার পরিস্থিতির উন্নয়নে তাদের অঙ্গীকার কতটুকু তা প্রতিফলিত হবে।

দ্বিতীয়ত বাংলাদেশ উন্নয়নশীল দেশ হওয়ার পথে রয়েছে, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ২০৩০ অর্জনের জন্য সরকার দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রায় যেসব মৌলিক দিকের ওপর ভিত্তি করে নির্ধারিত হয়েছে তার মধ্যে মানবাধিকার সামাজিক ন্যায়বিচার অন্যতম। এজন্য মানবাধিকার নিশ্চিত করা ছাড়া বাংলাদেশের এসব লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব নয়।

### Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

### Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)



# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

তৃতীয়ত জঙ্গিবাদ দমন, রোহিঙ্গাদের আশ্রয় দেয়া, অর্থনৈতিক উন্নয়ন-বাংলাদেশ সরকার এসব ক্ষেত্রের সাফল্যের উপর অত্যাধিক গুরুত্বারোপ করতে পারে। ফলে অন্যান্য মানবাধিকার সংক্রান্ত প্রতিবন্ধকতাগুলো সেভাবে উঠে আসতেও না পারে, যা প্রকৃতপক্ষে দেশের মানবাধিকার পরিস্থিতির উন্নয়নে কার্যকর ভূমিকা নাও রাখতে পারে।

চতুর্থত, সামনে জাতীয় সংসদ নির্বাচন। সরকার হয়তোবা এবারের অধিবেশনে সামনে নির্বাচন বিধায় অনেক সুপারিশের ক্ষেত্রে নিজেদের সুস্পষ্ট বক্তব্য তুলে ধরবে না, যা এ প্রক্রিয়াকে ক্ষতিগ্রস্ত করবে বলে আমাদের ধারণা। আমরা সরকারের কাছে দাবী রাখবো যাতে করে সরকার প্রাপ্ত সুপারিশের বিপরীতে সুস্পষ্ট অঙ্গীকার প্রদান করে। আগামী নির্বাচনে যে নতুন সরকার গঠিত হবে তারা সুপারিশ বাস্তবায়নে আন্তরিক হউক।

আমরা অধিবেশন শেষে দেশে ফিরে আপনাদের সামনে অধিবেশনের বিস্তারিত আলোচনা তুলে ধরবো।

ধন্যবাদ সবাইকে।

---

## Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

## Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)